



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৬.২০.২৭৯

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭
০১ এপ্রিল ২০২১

বিষয়: তদন্ত প্রতিবেদনের বিষয়ে মতামত প্রদান।

কিশোরগঞ্জ জেলার আর এস আইডিয়েল কলেজের সাবেক অধ্যক্ষ জনাব গোলসান আরা বেগম মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় বরাবরে একটি আবেদন করেন। মাননীয় মন্ত্রী ডা. দীপুমানি উক্ত আবেদনটি মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করেন।

বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহকে দায়িত্ব প্রদান করা হয়। আঞ্চলিক পরিচালক তদন্ত করে মতামত দাখিল করেছেন। তদন্ত কর্মকর্তার সুপারিশ নিম্নরূপ:

- (১) প্রতিষ্ঠানটিতে অবিলম্বে যথাযথ নিয়মে একজন পূর্ণ অধ্যক্ষ নিয়োগ দেয়া প্রয়োজন।
- (২) বর্তমান ও সার্বিক অস্থিতিশীলতা নিয়ন্ত্রণে অপারগ জিবির বর্তমান সভাপতির বর্তমান মেয়াদকাল শেষে বয়স ও অসুস্থতা বিবেচনায় আর এ পদে না জড়িয়ে অভিযোগকারীর আবেদন অনুযায়ী সম্ভাব্য ক্ষেত্রে কিশোরগঞ্জ জেলা প্রশাসককে অথবা অন্য যোগ্য কাউকে এ দায়িত্ব প্রদান করা যেতে পারে।
- (৩) প্রতিষ্ঠানের শিক্ষকগণের স্বীয় প্রথম এমপিও প্রাপ্তি ও পদোন্নতির বিবেচনায় জ্যেষ্ঠতক্রম নির্ধারণ এবং তা সর্বক্ষেত্রে প্রয়োগের ব্যবস্থা করানো দরকার।
- (৪) বেসরকারি শিক্ষক-কর্মচারী বিধি ও সংশ্লিষ্ট শৃঙ্খলা বিধি সম্পর্কে একেবারে তথ্য জ্ঞানহীন আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীগণকে যত দূর সম্ভব এতদসংক্রান্ত প্রশিক্ষণে আনা প্রয়োজন।
- (৫) প্রতিষ্ঠানে বাউবির কার্যক্রমে অনেকেরই সংশ্লিষ্ট থাকার ইচ্ছা থাকায় চলমান এসব কার্যক্রম এ প্রতিষ্ঠানে চালিয়ে যেতে বাউবির নিয়োগবিধিসহ অন্যান্য নির্দেশাবলী কঠোরভাবে মান্য করানো উচিত।
- (৬) সম্মানিত প্রতিষ্ঠাতাদ্বয়কে কলেজের গুরুত্বপূর্ণ সভা ও জিবির যাবতীয় সভায় যথাযথ সম্মানের সাথে আমন্ত্রণ জানাতে ও এতে মর্যাদাপূর্ণভাবে তাদের অংশগ্রহণের সুযোগ দিতে কলেজ কর্তৃপক্ষকে নির্দেশনা দেয়া যেতে পারে। এবং সর্বোপরি
- (৭) দরিদ্র অধ্যুষিত এলাকার শিক্ষার আশার প্রতীক প্রতিষ্ঠানের কোমলমতি শিক্ষার্থীরা যেনো কোন মতেই জিবি, অধ্যক্ষ, শিক্ষক-কর্মচারীগণের মধ্যকার বিরাজমান শীতল সম্পর্ক নিয়ে হতাশ না হয়ে পড়ে সে ব্যাপারে সকল পক্ষকে বিশেষ সতর্কতার নির্দেশনা দেয়া (তদন্ত দল স্বীয় দায়িত্ব থেকে তাৎক্ষণিকভাবে তা করার প্রয়াস নিয়েছে) অতীব প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির মতামত সংক্রান্তে কলেজ গভর্নিং বডির সভাপতিকে জরুরি ভিত্তিতে মতামত প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১-৪-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

সভাপতি, গভর্নিং বডি

আর এস আইডিয়েল কলেজ, কিশোরগঞ্জ।


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৬.২০.২৭৯/১(৪)

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭

০১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, কিশোরগঞ্জ
- ৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, আর এস আইডিয়েল কলেজ, কিশোরগঞ্জ।
- ৪) সংরক্ষণ নথি।



১-৪-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক